দৈনিক বাংলা

তারিখ 07 JAN 1988
পৃষ্ঠা 1 কলাম 2

010

# ঢাকা ভার্সিটি ১৬ই জানুয়ারী খুলবে

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস সমূহ আগামী ১৬ই জানুয়ারী থেকে শুরু হবে। এর আগে ১০ই জানুয়ারী সকল আবাসিক হল এবং ১২ই জানুয়ারী বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ও ল্যাবরেটরী সমূহ ছাত্র-ছাত্রীদের জন্যে খুলে দেয়া হবে।

গতকাল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। উল্লেখ্য, এর আগে সরকারের পক্ষ থেকে ১৪ই জানুয়ারী বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ঘোষণা দেয়া হয়েছিল।

(শেষ পৃঃ ৪ এর কঃ দঃ)

## ঢাকা ভার্সিটি

(১ম পৃঃ পর)

গতকাল ভিসি প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রম স্বাভাবিক করার বিষয় পর্যালোচনা করা হয়। সভায় হলসমূহ, গ্রন্থাগার ও ল্যাবরেটরীসমূহ ছাত্র-ছাত্রীদের ব্যবহার উপযোগী এবং ক্লাস রুটিন পুনর্বিন্যাস করার ব্যাপারেও আলোচনা হয়।

**হল প্রভোস্টদের সভা**

ঢাকা বিশ্ববিদ্যালয় হল প্রভোস্টদের স্ট্যান্ডিং কমিটির এক সভা গতকাল ফজলুল হক হলের প্রভোস্ট আবু জাফর মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় শিক্ষা পরিবেশ পরিষদ সুপারিশকৃত ও বিশ্ববিদ্যালয় কর্তৃক ইতিপূর্বে গৃহীত শৃংখলামূলক পদক্ষেপসমূহ অব্যাহত রাখার সংকল্প ব্যক্ত করা হয়।